গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
রাজস্ব শাখা
www.mymensingh.gov.bd

# বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

নম্বর-০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০১১.২৩ - ৭৬৭

তারিখ : ১৬ চৈত্র, ১৪৩০
২৭ মার্চ, ২০২৪

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন/২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা-২০১১ অনুযায়ী ময়মনসিংহ জেলার নিম্নবর্ণিত ০৩(তিন)টি বালুমহাল বাংলা ১৪৩১ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত অত্র কার্যালয়ের তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী ১ম পর্যায়ে ইজারা প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ইজারার জন্য অপেক্ষমাণ অবশিষ্ট বালুমহালসমূহের ইজারা প্রক্রিয়া পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে। অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ দরপত্রের তারিখ ও সময় প্রয়োজনে সংশোধন, পরিবর্তন, পরিমার্জন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

| দরপত্র গ্রহনের পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র পত্র প্রাপ্তি ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম পর্যায় | ১৭/০৪/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ১৮/০৪/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত | ১৮/০৪/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ (এসএ শাখা) এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়। |
| ২য় পর্যায় | ২৯/০৪/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ৩০/০৪/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত | ৩০/০৪/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | |
| ৩য় পর্যায় | ১৫/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ১৬/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত | ১৬/০৫/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | |
| ৪র্থ পর্যায় | ২৯/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ৩০/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত | ৩০/০৫/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | |
| ৫ম পর্যায় | ১১/০৬/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ১২/০৬/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত | ১২/০৬/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | |
| ৬ষ্ঠ পর্যায় | ০২/০৭/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ০৩/০৭/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত | ০৩/০৭/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | |
| ৭ম পর্যায় | ১৫/০৭/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ১৬/০৭/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত | ১৬/০৭/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | |
| ৮ম পর্যায় | ৩১/০৭/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০টা পর্যন্ত | ০১/০৮/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ০১/০৮/২০২৪ বিকাল ০৪-০০ ঘটিকা | |

CamScanner

## বালুমহালের তালিকা

| ক্রঃ নং | উপজেলার নাম | বালুমহালের নাম | মৌজার নাম | জমির পরিমাণ | ১৪৩১ সনের সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | হালুয়াঘাট | হালুয়াঘাট নতুন বালুমহাল | বাঘাইতলা, আচকিপাড়া, জামগড়া, লক্ষীকুড়া, আমিরখাকুড়া, জখমকুড়া, তেলীখালী, জয়মঙ্গল, ধোপাজুরী | ১৯.৩৫ একর | ৪,৯৬,৪৬৮/- |
| ০২ | হালুয়াঘাট | হালুয়াঘাট পুরাতন বালুমহাল | উত্তর নলকুড়া, সূর্যপুর, বরাকঘোষগাঁও | ১৭.৮৯ একর | ১৫,৬৭,৫০০/- |
| ০৩ | ধোবাউড়া | ধোবাউড়া বালুমহাল | ভূঞাপাড়া, পশ্চিম নওয়াপাড়া, কালিকাবাড়ী, বল্লভপুর, গানই, ঘোষগাঁও, মেকিয়ারকান্দা, গোয়াতলা, মুন্সিরহাট, কলসিন্দুর | ১১৩.২৪ একর | ১০,৩৫,৮৩৪/- |

**দরপত্রের শর্তাবলী ঃ**

১. ময়মনসিংহ জেলা প্রশাসনের তালিকাভুক্ত (লাইসেন্সপ্রাপ্ত) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ছাড়া কেউ বালুমহাল ইজারার দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না। লাইসেন্স অবশ্যই ১৪৩১ বাংলা সন পর্যন্ত নবায়ন থাকতে হবে।

২. দরপত্র সিডিউলের মূল্য বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) তফসিলভুক্ত যে কোন ব্যাংকে জেলা প্রশাসক, ময়মনসিংহ এর অনুকূলে জমা দিয়ে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে দরপত্র ফরম সংগ্রহ করতে হবে।

৩. নির্ধারিত সময়ের পর কোন দরপত্র বিক্রি বা গ্রহণ করা হবে না।

৪. দরপত্র দাখিলের দিনই বিকাল ৪.০০ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৫. দরপত্রের সাথে জেলা প্রশাসক, ময়মনসিংহ এর অনুকূলে উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সংযোজন করতে হবে।

৬. কোন প্রকার ঘষামাজা/ অস্পষ্ট/কাঁটাছেঁড়া দরপত্র গ্রহণ করা হবে না।

৭. হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র, ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সংক্রান্ত সনদপত্র এবং তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৮. দরপত্র দাখিলের পূর্বে বালুমহাল সম্পর্কে সরেজমিনে প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. বালুমহালের ইজারার সময়কাল দখল প্রদানের তারিখ হতে ৩০শে চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত হবে।

১০. জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক বালুমহাল ইজারা প্রদান করবেন।

১১. ইজারা প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে ইজারামূল্য এবং ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধের পর নির্ধারিত ফরমে জেলা প্রশাসক, ময়মনসিংহ এর সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লীজ চুক্তি সম্পাদন করার পর দখল হস্তান্তর করা হবে। নির্ধারিত সময়ে টাকা জমা না দিলে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে।

১২. পরিবেশ বিপন্ন হওয়ার আশংকা রয়েছে এমন এলাকা থেকে বালু উত্তোলন করা যাবে না।

১৩. বালু উত্তোলনের ক্ষেত্রে নদী ভাঙ্গন দেখা দিলে কর্তৃপক্ষ যে কোন সময়ে বালু উত্তোলন বন্ধ করে দিতে পারবেন। এতে কোন ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১৪. কোন বালু মহাল ১ম বার ইজারা প্রদান করা সম্ভব না হলে ইজারার তারিখসমূহ পর্যায়ক্রমে প্রযোজ্য হবে।

CamScanner

১৫. ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারিকৃত সরকারি বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। ইজারাদার কর্তৃক বর্ণিত কোন শর্ত ভঙ্গ করা হলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ তাৎক্ষনিকভাবে বালু উত্তোলন বন্ধ করে দিতে পারবেন ।

১৬. বালুমহালের বিস্তারিত বিবরণ ও অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীন এ কার্যালয়ের এসএ শাখা হতে জানা যাবে।

২৭/০৩/২০২৪

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি, ময়মনসিংহ

নম্বর-০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০১১.২৩- ৭৬৯ (৫০)

তারিখ : ১৩ চৈত্র, ১৪৩০ / ২৭ মার্চ, ২০২৪

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৪। চেয়ারম্যান, নৌ-পরিবহন কর্তৃপক্ষ,ঢাকা।
৫। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো,ঢাকা।

অনুলিপি অবগতি / বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

৬। পুলিশ সুপার,ময়মনসিংহ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
৮। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ময়মনসিংহ।
১০। সিভিল সার্জন, ময়মনসিংহ।
১১। উপজেলা নির্বাহী অফিসার -------------------------- , ময়মনসিংহ।
১২। মেয়র ------------------------------- পৌরসভা, ময়মনসিংহ।
১৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১৪। সহকারী কমিশনার (ভূমি) ------------------------ (সকল), ময়মনসিংহ।
১৫। চেয়ারম্যান ..................................ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ।
১৬। ভারপ্রাপ্ত কর্মকতা -------------------------------------- (সকল) থানা, ময়মনসিংহ।
১৭। সম্পাদক, দৈনিক সাউথ এশিয়ান টাইমস,ঢাকা
১৮। সম্পাদক, দৈনিক স্বদেশ সংবাদ, ময়মনসিংহ

উক্ত বিজ্ঞপ্তিটি ১২"X৪ কলামে আপনার বহুল প্রচারিত প্রত্রিকায় আগামী ২৮/০৩/২০২৪ তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) টি সৌজন্য সংখ্যাসহ যথাযথভাবে বিল প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৭/০৩/২৪

(দিলরুবা ইসলাম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি,
ময়মনসিংহ।

CamScanner